



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
বড়লেখা, মৌলভীবাজার
www.dss.barlekha.moulvibazar.gov.bd



স্মারক নম্বরঃ ৪১.০১.৫৮১৪.০০০.৯৯.২০৪.২৪. ৬৭

তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রি.


শোকবার্তা

অতীব দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, বড়লেখার ইউনিয়ন সমাজকর্মী জনাব সুরত বিশ্বাস হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে গত ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার আনুমানিক রাত ০৯:৩০ ঘটিকায় নিজ বাসগৃহে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৩৬ বছর। মৃত্যুকালে তিনি মা, স্ত্রী ও দুই কন্যা সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর অকাল মৃত্যুতে উপজেলা সমাজসেবা কার্যালয়, বড়লেখা, মৌলভীবাজার গভীরভাবে মর্মান্বিত ও শোকাহত।

জনাব সুরত বিশ্বাস চাকুরী জীবনে একজন কর্তব্যপরায়ণ, সৎ, দক্ষ, কর্মঠ ও মানবিক গুণাবলী সম্পন্ন কর্মচারী হিসেবে সকলের নিকট গ্রহণযোগ্য ও সমাদৃত ছিলেন। তাঁর মৃত্যুতে সমাজসেবা পরিবারের অপূরণীয় ক্ষতি হলো। উপজেলা সমাজসেবা কার্যালয়, বড়লেখা তার অবদান গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছে।

উপজেলা সমাজসেবা কার্যালয়, বড়লেখা প্রয়াত সুরত বিশ্বাস ঐর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনাসহ শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছে।

মহান সৃষ্টিকর্তা তাঁকে স্বর্গবাসী করুন।



(মোঃ সাইফুল ইসলাম)

উপজেলা সমাজসেবা অফিসার

বড়লেখা, মৌলভীবাজার।

ফোনঃ ৮৮০২৯৯৬৬৮৫০৬০

Email:ussobarlekha@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়লেখা।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার।
৪. উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা।
৫. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।
৬. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, বড়লেখা।
৭. অফিস কপি।